

## আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৫৯৫

৪৪/ সাহাবাগণের মর্যাদা (كتاب فضائل الصحابة)

পরিচ্ছেদঃ ৪৪/১৭. উম্মুল মু'মিনীন যাইনাব (রাঃ)-এর মর্যাদা।

من فضائل زينب أم المؤمنين رضي الله عنها

আরবী

حَدِيثُ عَائِشَةَ، أَنَّ بَعْضَ أَزْوَاجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُلْنَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَئْنَا أَسْرَعُ بِكَ لُحُوقًا قَالَ: أَطْوُلُكُنَّ يَدًا فَأَخْذُوا قَصْبَةً يَذْرُونَهَا فَكَانَتْ سَوْدَةُ أَطْوَلُهُنَّ يَدًا فَعَلِمْنَا بَعْدُ، أَنَّمَا كَانَتْ طُولَ يَدِهَا الصَّدَقَةُ، وَكَانَتْ أَسْرَعَنَا لُحُوقًا بِهِ، وَكَانَتْ تُحِبُّ الصَّدَقَةَ

বাংলা

১৫৯৫. আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। কোন নবী সহধর্মীনী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললেনঃ আমাদের মধ্য হতে সবার পূর্বে (মৃত্যুর পর) আপনার সাথে কে মিলিত হবে? তিনি বললেনঃ তোমাদের মধ্যে যার হাত সবচেয়ে লম্বা। তাঁরা একটি বাঁশের কাঠির মাধ্যমে হাত মেপে দেখতে লাগলেন। সওদার হাত সকলের হাতের চেয়ে লম্বা বলে প্রমাণিত হল। পরে [সবার আগে যায়নাব (রাঃ)-এর মৃত্যু হলে] আমরা বুরুলাম হাতের দীর্ঘতর অর্থ দানশীলতা। তিনি [যায়নাব (রাঃ)] আমাদের মধ্যে সবার আগে তার সাথে মিলিত হন এবং তিনি দান করতে ভালবাসতেন।

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ২৪: যাকাত, অধ্যায় ১১, হাঃ ১৪২০; মুসলিম, পর্ব ৪৪ ; সাহাবাগণের মর্যাদা, অধ্যায়, ১৭, হাঃ ২৪৫২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84823>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন